# জুলাই সনদের খসড়া চূড়ান্ত, কাল দলগুলোর কাছে পাঠানো হবে: আলী রীয়াজ


সংগৃহীত ছবি

রাজনৈতিক সংস্কার বিষয়ে জাতীয় ঐকমত্য গঠনে উদ্যোগী জাতীয় ঐকমত্য কমিশন চলমান সংলাপে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে। শনিবার (২৭ জুলাই) অনুষ্ঠিত সংলাপে কমিশনের সহসভাপতি ড. আলী রীয়াজ জানান, 'জুলাই সনদ'–এর খসড়া প্রণয়ন সম্পন্ন হয়েছে এবং এটি আগামীকাল (রবিবার) রাজনৈতিক দলগুলোর কাছে পাঠানো হবে।
ড. রীয়াজ বলেন, "সময় খুবই সীমিত। আমাদের ৩১ জুলাইয়ের মধ্যেই আলোচনার চূড়ান্ত সিদ্ধান্তে পৌঁছাতে হবে। তাই দ্রুত অগ্রসর হওয়া জরুরি।"
তিনি জানান, কমিশনের নেতৃত্বে এখন পর্যন্ত মোট ১৮টি সংলাপ অনুষ্ঠিত হয়েছে, যেখানে ১০টি ইস্যুতে দলগুলোর মধ্যে ঐকমত্য তৈরি হয়েছে। তবে ৭টি বিষয়ে এখনো মতপার্থক্য রয়েছে।
বিশেষভাবে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে পুলিশ সংস্কার ইস্যুতে। ড. আলী রীয়াজ জানান, পুলিশ কমিশন গঠনের বিষয়ে রাজনৈতিক দলগুলোর মধ্যে সম্মতি হয়েছে, এবং এ সংক্রান্ত একটি প্রাথমিক খসড়াও প্রস্তুত রয়েছে।
জাতীয় ঐকমত্য কমিশনের এ সংলাপের উদ্দেশ্য আগামী জাতীয় নির্বাচন ও ভবিষ্যৎ রাষ্ট্র পরিচালনায় একটি সমন্বিত রূপরেখা তৈরি করা, যেখানে সব রাজনৈতিক শক্তির সম্মিলিত মত প্রতিফলিত হবে।

LENS ASIA